3. OA এর ডান দিকে ΔOBC এর সদৃশ করে ΔOAD অঙ্কন করি যেন $\angle BOC = \angle AOD$ এবং $\angle OCB = \angle OAD$ হয়। তাহলে D বিন্দু জটিল সংখ্যা দুইটির ভাগফল $\frac{z_1}{z_2} = z$ এর অবস্থান নির্দেশ করে।

$$\therefore \quad z = \frac{z_1}{z_2} = \frac{4+11i}{11+7i} = \frac{(4+11i)(11-7i)}{(11+7i)(11-7i)} = \frac{44+77+(-28+121)i}{11^2+7^2} = \frac{121+93i}{170} = \frac{121}{170} + \frac{93}{170}i$$

জটিল সংখ্যাটিকে $D(\frac{121}{170}\times 10, \frac{93}{170}\times 10)$ বা $D(7.12, 5.47)$ দ্বারা চিহ্নিত করি।

তাহলে, $z = \frac{z_1}{z_2}$ এর পরমমান $= \frac{OD}{10}$ এবং z এর নতি $= \theta = \angle CO(D)$

ফল সংকলন : $z = \frac{z_1}{z_2} = \frac{121}{170} + \frac{93}{170}i$

$\therefore$ z এর পরমমান $=$ OD $= \sqrt{(\frac{121}{170})^2 + (\frac{93}{170})^2} = \sqrt{\frac{14641+8649}{28900}} = 0.89$ এবং z এর নতি $=$ $\tan^{-1}\frac{93/170}{121/170} = 37.55^0$

আবার, z_1 এর পরমমান $= r_1 = \sqrt{4^2+11^2} = 11.705$, z_1 এর নতি $= \theta_1 = \tan^{-1}\frac{11}{4} = 70\cdot02^0$

z_2 এর পরমমান $= r_2 = \sqrt{11^2+7^2} = 13.038$, z_2 এর নতি $= \theta_2 = \tan^{-1}\frac{7}{11} = 32\cdot47^0$

z এর পরমমান $= \frac{r_1}{r_2} = \frac{11.705}{13.038} = 0.89$ এবং z এর নতি $= \theta_1 - \theta_2 = 70\cdot02^0 - 32\cdot47^0 = 37.55^0$

লেখচিত্র হতে পাই,

$\therefore$ z এর পরমমান $= \frac{OD}{10} = \frac{8.7}{10} = 0.87$ এবং z এর নতি $= \theta = \angle COD = 37.25^0$

ফলাফল : নির্ণেয় পরমমান $= 0.89$ একক এবং নতি $= 37.55^0$.

মন্তব্য : লেখচিত্র হতে প্রাপ্তমান এবং গণিতিকভাবে নির্ণয়কৃত মান প্রায় সমান। অতএব ফলাফল সঠিক।

1 উৎপাদকের সাহায্যে সমাধান কর:

সমাধান: (a) $x^2 - 6x + 9 = 0$

$\Rightarrow x^2 - 2.x.3 + 3^2 = 0 \Rightarrow (x-3)^2 = 0$

$\Rightarrow x = 3, 3$

$\therefore$ নির্ণেয় সমাধান, $x = 3, 3$

(b) $7x - 2 - 3x^2 = 0$

$\Rightarrow 3x^2 - 7x + 2 = 0$

$\Rightarrow 3x^2 - 6x - x + 2 = 0;$

$[\because ac = 3\times 2 = 6 > 0$ এবং $b = -7 < 0]$

$\Rightarrow 3x(x-2) - 1(x-2) = 0$

$\Rightarrow (x-2)(3x-1) = 0$

$x - 2 = 0$ হলে, $x = 2$; $3x - 1 = 0$ হলে, $x = \frac{1}{3}$.

$\therefore$ নির্ণেয় সমাধান, $x = 2, \frac{1}{3}$

1(c) $2^{2x} - 3.2^{x+2} = -32$

$\Rightarrow 2^{2x} - 3.2^x.2^2 + 32 = 0$

$\Rightarrow (2^x)^2 - 12.2^x + 32 = 0$

$\Rightarrow (2^x)^2 - 8.2^x - 4.2^x + 32 = 0$

$\Rightarrow 2^x(2^x - 8) - 4(2^x - 8) = 0$

$\Rightarrow (2^x - 8)(2^x - 4) = 0$

$2^x - 8 = 0$ হলে, $2^x = 2^3 \Rightarrow x = 3$

$2^x - 4 = 0$ হলে, $2^x = 2^2 \Rightarrow x = 2$

$\therefore$ নির্ণেয় সমাধান, $x = 2, 3$

2(a) দেখাও যে, $x^2 + 4x + 2 = 0$ সমীকরণের মূলদ্বয় $-2 + \sqrt{2}$ এবং $-2 - \sqrt{2}$.

প্রমাণ: $x^2 + 4x + 2 = 0$

$$\therefore x = \frac{-4 \pm \sqrt{4^2 - 4.1.2}}{2.1} = \frac{-4 \pm \sqrt{16-8}}{2}$$

$$= \frac{-4 \pm \sqrt{8}}{2} = \frac{-4 \pm 2\sqrt{2}}{2} = -2 \pm \sqrt{2}$$

$\therefore$ প্রদত্ত সমীকরণের মূলদ্বয় $-2 + \sqrt{2}$ এবং $-2 - \sqrt{2}$

2(b) বাস্তব সহগের একটি দ্বিঘাত সমীকরণের একটি মূল $3 + 2i$ হলে, সমীকরণটি নির্ণয় কর।[SUST'10-11]

সমাধান: দ্বিঘাত সমীকরণের প্রদত্ত মূলটি $3 + 2i$, যা জটিল সংখ্যা।

$\therefore$ সমীকরণের অপর মূলটি হবে $3 - 2i$

[$\because$ জটিল মূল যুগল রূপে আসে।]

$\therefore$ এদের যোগফল $= 3 + 2i + 3 - 2i = 6$

এবং গুণফল $= (3+2i)(3-2i) = 3^2 - (2i)^2$

$= 9 - 4i^2 = 9 - 4(-1) = 13$

$\therefore$ নির্ণেয় দ্বিঘাত সমীকরণ, $x^2 - 6x + 13 = 0$

2(c) মূলদ সহগ বিশিষ্ট দ্বিঘাত সমীকরণ গঠন কর যার একটি মূল $\frac{1}{2-\sqrt{5}}$. [SUST'07-08]

সমাধান: $\frac{1}{2-\sqrt{5}} = \frac{2+\sqrt{5}}{(2-\sqrt{5})(2+\sqrt{5})}$

$= \frac{2+\sqrt{5}}{2^2 - (\sqrt{5})^2} = \frac{2+\sqrt{5}}{4-5} = -2 - \sqrt{5}$, যা অমূলদ সংখ্যা।

$\therefore$ দ্বিঘাত সমীকরণের অপর মূলটি হবে $-2 + \sqrt{5}$

[$\because$ অমূলদ মূল যুগল রূপে আসে।]

$\therefore$ এদের যোগফল $= -2 - \sqrt{5} - 2 + \sqrt{5} = -4$

এবং গুণফল $= (-2-\sqrt{5})(-2+\sqrt{5})$

$= (-2)^2 - (\sqrt{5})^2 = 4 - 5 = -1$

$\therefore$ নির্ণেয় দ্বিঘাত সমীকরণ, $x^2 - (-4)x - 1 = 0$

$\Rightarrow x^2 + 4x - 1 = 0$

3(a) দেখাও যে, $a = b$ না হলে $2x^2 - 2(a+b)x + a^2 + b^2 = 0$ সমীকরণের মূলগুলো বাস্তব হতে পারে না। [ঢা.'০০ ; য.'০৪,'১০; কু.'১৪]

প্রমাণঃ পৃথায়ক $= \{-2(a+b)\}^2 - 4.2(a^2+b^2)$

$= 4(a^2 + b^2 + 2ab - 2a^2 - 2b^2)$

$= 4(-a^2 - b^2 + 2ab)$

$= -4(a^2 + b^2 - 2ab) = -4(a-b)^2$

কেবল $a = b$ হলেই $-4(a-b)^2$ অঋণাত্মক হবে।

অতএব, $a \neq b$ না হলে প্রদত্ত সমীকরণের মূলগুলি বাস্তব হতে পারে না।

3(b) $(x-a)(x-b) + (x-b)(x-c) + (x-c)(x-a)$ রাশিটি একটি পূর্ণ বর্গ হলে দেখাও যে, $a = b = c$. [রা.'১৩; কু.'১৫]

প্রমাণঃ $(x-a)(x-b) + (x-b)(x-c) + (x-c)(x-a)$ রাশিটি পূর্ণ বর্গ বলে,

$(x-a)(x-b)+(x-b)(x-c) + (x-c)(x-a)= 0$

$\Rightarrow 3x^2 - 2(a+b+c)x + (ab+bc+ca) = 0$ সমীকরণের মূলগুলি সমান হবে এবং ফলে পৃথায়ক শূন্য হবে।

$\therefore \{-2(a+b+c)\}^2 - 4.3(ab+bc+ca) = 0$

$\Rightarrow 4\{a^2 + b^2 + c^2 + 2(ab+bc+ca) - 3(ab+bc+ca)\} = 0$

$\Rightarrow 4\{a^2 + b^2 + c^2 - ab - bc - ca\} = 0$

$\Rightarrow 2\{(a-b)^2 + (b-c)^2 + (c-a)^2\} = 0$

$\Rightarrow (a-b)^2 + (b-c)^2 + (c-a)^2 = 0$

$\therefore a - b = 0 \Rightarrow a = b$, $b - c = 0 \Rightarrow b = c$

এবং $c - a = 0 \Rightarrow c = a$

$\therefore a = b = c$. (Proved)

3(c) k এর মান কত হলে, $(k+1)x^2 + 2(k+3)x + 2k + 3$ রাশিটি পূর্ণ বর্গ হবে? [কু.'০৬; বুয়েট'০৮-০৯, ১১-১২]

সমাধান : $(k+1)x^2 + 2(k+3)x + 2k + 3$ রাশিটি পূর্ণ বর্গ বলে,

$(k+1)x^2 + 2(k+3)x + 2k + 3 = 0$ সমীকরণের মূলগুলি সমান হবে এবং ফলে পৃথায়ক শূন্য হবে।

$\therefore \{2(k+3)\}^2 - 4(k+1)(2k+3) = 0$

$\Rightarrow 4\{k^2 + 6k + 9 - 2k^2 - 5k - 3\} = 0$

$\Rightarrow 4\{-k^2 + k + 6\} = 0 \Rightarrow k^2 - k - 6 = 0$

$\Rightarrow (k+2)(k-3) = 0 \therefore k = -2, 3$ (Ans.)

3(d) $x^2 + bx + c = 0$ সমীকরণের মূল দুইটি বাস্তব ও অসমান হলে দেখাও যে, $2x^2 - 4(1+c)x + (b^2 + 2c^2 + 2) = 0$ সমীকরণের মূল দুইটি জটিল হবে।

প্রমাণঃ দেওয়া আছে, $x^2 + bx + c = 0$ সমীকরণের মূলগুলো বাস্তব ও অসমান।

$\therefore$ পৃথায়ক, $b^2 - 4.1.c > 0$

$\Rightarrow b^2 - 4c > 0$ ......(i)

এখন, $2x^2 - 4(1+c)x + (b^2 + 2c^2 + 2) = 0$ সমীকরণের পৃথায়ক $= \{-4(1+c)\}^2 - 4.2(b^2 + 2c^2 + 2)$

$= 16(1 + 2c + c^2) - 8(b^2 + 2c^2 + 2)$

$= 8(2 + 4c + 2c^2 - b^2 - 2c^2 - 2)$

$= 8(4c - b^2) < 0$, যেহেতু $b^2 - 4c > 0$

$\therefore 2x^2 - 4(1+c)x + (b^2 + 2c^2 + 2) = 0$ সমীকরণের মূলগুলি জটিল।

3(e) k এর মান কত হলে, $(k-1)x^2 - (k+2)x + 4 = 0$ সমীকরণের মূলগুলো বাস্তব ও সমান হবে? [ব.'০৬; রা.'০৮; য.'১২; ঢা, দি..'১৩]

প্রমাণঃ পৃথায়ক $= \{-(k+2)\}^2 - 4.(k-1).4$

$= k^2 + 4k + 4 - 16k + 16$

$= k^2 - 12k + 20$

প্রদত্ত সমীকরণের মূলগুলো বাস্তব ও সমান বলে,

$k^2 - 12k + 20 = 0$

$\Rightarrow k^2 - 10k - 2k + 20 = 0$

$\Rightarrow k(k-10) - 2(k-10) = 0$

$\Rightarrow (k-10)(k-2) = 0$

$\therefore k = 2$ বা ,10

3(f) k এর মান কত হলে, $(3k+1)x^2 - (k+11)x + 9 = 0$ সমীকরণের মূলদ্বয় জটিল সংখ্যা হবে? [বুয়েট'১১-১২]

সমাধান: প্রদত্ত সমীকরণের পৃথায়ক

$= \{-(k+11)\}^2 - 4(3k+1).9$

$= k^2 + 2.k.11 + 121 - 108k - 36$

$= k^2 + 22k - 108k + 85$

$= k^2 - 86k + 85 = (k-85)(k-1)$

মূলদ্বয় জটিল সংখ্যা হলে, পৃথায়ক < 0

$\therefore (k-85)(k-1) < 0 \Rightarrow 1 < k < 85$

4(a) $x^3 - px^2 + qx - r = 0$ সমীকরণের মূলগুলো α, β, γ, হলে মান নির্ণয় করঃ

(i) $\Sigma\frac{1}{\alpha^2}$ [কু.'০১; য.'০৩; দি.'০৯; চ.'১৪]

সমাধানঃ প্রদত্ত সমীকরণের মূলগুলো α, β, γ.

$\therefore \Sigma\alpha = \alpha + \beta + \gamma = p$,

$\Sigma\alpha\beta = \alpha\beta + \beta\gamma + \gamma\alpha = q$ এবং $\alpha\beta\gamma = r$

এখন, $\Sigma\frac{1}{\alpha^2} = \frac{1}{\alpha^2} + \frac{1}{\beta^2} + \frac{1}{\gamma^2}$

$= \frac{\beta^2\gamma^2 + \alpha^2\gamma^2 + \alpha^2\beta^2}{\alpha^2\beta^2\gamma^2}$

$= \frac{(\alpha\beta + \beta\gamma + \gamma\alpha)^2 - 2(\alpha\beta.\beta\gamma + \beta\gamma.\gamma\alpha + \gamma\alpha.\alpha\beta)}{\alpha^2\beta^2\gamma^2}$

$= \frac{(\alpha\beta + \beta\gamma + \gamma\alpha)^2 - 2\alpha\beta\gamma(\beta + \gamma + \alpha)}{\alpha^2\beta^2\gamma^2}$

$= \frac{q^2 - 2rp}{r^2}$ (Ans.)

(ii) $\Sigma\frac{1}{\alpha^2\beta^2}$ [রা.'০৩; য.'০৬; সি. '০৯]

$\Sigma\frac{1}{\alpha^2\beta^2} = \frac{1}{\alpha^2\beta^2} + \frac{1}{\beta^2\gamma^2} + \frac{1}{\gamma^2\alpha^2}$

$= \frac{\gamma^2 + \alpha^2 + \beta^2}{\alpha^2\beta^2\gamma^2}$

$= \frac{(\alpha + \beta + \gamma)^2 - 2(\alpha\beta + \beta\gamma + \gamma\alpha)}{\alpha^2\beta^2\gamma^2} = \frac{p^2 - 2q}{r^2}$

4(b) $x^3 + px^2 + qx + r = 0$ সমীকরণের মূলগুলো α, β, γ হলে $\Sigma\alpha^3$ এর মান নির্ণয় কর। [সি.'০৫; চ.'০৬]

সমাধানঃ প্রদত্ত সমীকরণের মূলগুলি α, β, γ.

$\therefore \Sigma\alpha = \alpha + \beta + \gamma = -p$,

$\Sigma\alpha\beta = \alpha\beta + \beta\gamma + \gamma\alpha = q$ এবং $\alpha\beta\gamma = -r$

এখন, $\Sigma\alpha^3 = \alpha^3 + \beta^3 + \gamma^3$

$= \alpha^3 + \beta^3 + \gamma^3 - 3\alpha\beta\gamma + 3\alpha\beta\gamma$

$= (\alpha + \beta + \gamma)\{\alpha^2 + \beta^2 + \gamma^2 - (\alpha\beta + \beta\gamma + \gamma\alpha)\} + 3(-r)$

$= -p\{(\alpha + \beta + \gamma)^2 - 2(\alpha\beta + \beta\gamma + \gamma\alpha) - (\alpha\beta + \beta\gamma + \gamma\alpha)\} - 3r$

$= -p\{(-p)^2 - 3q\} - 3r = 3pq - p^3 - 3r$

4(c) $x^3 + qx + r = 0$ সমীকরণের মূলগুলো α, β, γ হলে $(\alpha - \beta)^2 + (\beta - \gamma)^2 + (\gamma - \alpha)^2$ এর মান নির্ণয় কর। [চ.'০৫]

সমাধানঃ প্রদত্ত সমীকরণের মূলগুলো α, β, γ.

$\therefore \Sigma\alpha = \alpha + \beta + \gamma = 0$,

$\Sigma\alpha\beta = \alpha\beta + \beta\gamma + \gamma\alpha = q$ এবং $\alpha\beta\gamma = -r$

এখন, $(\alpha - \beta)^2 + (\beta - \gamma)^2 + (\gamma - \alpha)^2$

$= \alpha^2 + \beta^2 - 2\alpha\beta + \beta^2 + \gamma^2 - 2\beta\gamma + \gamma^2 + \alpha^2 - 2\gamma\alpha$

$= 2(\alpha^2 + \beta^2 + \gamma^2) - 2(\alpha\beta + \beta\gamma + \gamma\alpha)$

$= 2\{(\alpha + \beta + \gamma)^2 - 2(\alpha\beta + \beta\gamma + \gamma\alpha)\} - 2q$

$= 2\{0 - 2q\} - 2q$

$= -4q - 2q = -6q$ (Ans.)

4(d) $3x^3 - 2x^2 + 1 = 0$ **সমীকরণের মূলগুলো** α, β, γ **হলে** $\sum \alpha^2 \beta$ **এর মান নির্ণয় কর।** **[য.'০৫]**

সমাধানঃ প্রদত্ত সমীকরণের মূলগুলো α, β, γ.

$\therefore \sum\alpha = \alpha + \beta + \gamma = -(-\frac{2}{3}) = \frac{2}{3}$,

$\sum\alpha\beta = \alpha\beta + \beta\gamma + \gamma\alpha = 0$ এবং $\alpha\beta\gamma = -\frac{1}{3}$

এখন, $\sum\alpha^2\beta = \alpha^2\beta + \alpha\beta^2 + \beta^2\gamma + \beta\gamma^2 + \gamma^2\alpha + \gamma\alpha^2$

$= \alpha\beta(\alpha + \beta) + \beta\gamma(\beta + \gamma) + \gamma\alpha(\gamma + \alpha)$

$= \alpha\beta(\alpha + \beta + \gamma - \gamma) + \beta\gamma(\beta + \gamma + \alpha - \alpha) + \gamma\alpha(\gamma + \alpha + \beta - \beta)$

$= (\alpha + \beta + \gamma)(\alpha\beta + \beta\gamma + \gamma\alpha) - 3\alpha\beta\gamma$

$= \frac{2}{3}.0 - 3(-\frac{1}{3}) = 1$ (Ans.)

4(e) $x^3 + ax^2 + bx + c = 0$ **সমীকরণের মূলগুলো** α, β, γ **হলে মান নির্ণয় করঃ (i)** $\sum(\beta + \gamma)^{-1}$

(ii) $\sum \alpha^3$ **[চ.'০৪]**

সমাধানঃ প্রদত্ত সমীকরণের মূলগুলো α, β, γ.

$\therefore \sum\alpha = \alpha + \beta + \gamma = -a$.

$\sum\alpha\beta = \alpha\beta + \beta\gamma + \gamma\alpha = b$ এবং $\alpha\beta\gamma = -c$

(i) $\sum(\beta + \gamma)^{-1} = \frac{1}{\beta + \gamma} + \frac{1}{\gamma + \alpha} + \frac{1}{\alpha + \beta}$

$= \frac{1}{-a-\alpha} + \frac{1}{-a-\beta} + \frac{1}{-a-\gamma}$

$= -\frac{(a+\beta)(a+\gamma) + (a+\alpha)(a+\gamma) + (a+\alpha)(a+\beta)}{(a+\alpha)(a+\beta)(a+\gamma)}$

$= -\frac{3a^2 + 2a(\alpha+\beta+\gamma) + (\beta\gamma + \gamma\alpha + \alpha\beta)}{a^3 + a^2(\alpha+\beta+\gamma) + a(\beta\gamma+\gamma\alpha+\alpha\beta)}$

$= -\frac{3a^2 + 2a(-a) + b}{a^3 + a^2(-a) + ab - c} = \frac{a^2 + b}{c - ab}$

(ii) $\sum\alpha^3 = \alpha^3 + \beta^3 + \gamma^3$

$= \alpha^3 + \beta^3 + \gamma^3 - 3\alpha\beta\gamma + 3\alpha\beta\gamma$

$= (\alpha + \beta + \gamma)\{\alpha^2 + \beta^2 + \gamma^2 - (\alpha\beta + \beta\gamma + \gamma\alpha)\} + 3(-c)$

$= -a\{(\alpha+\beta+\gamma)^2 - 2(\alpha\beta + \beta\gamma + \gamma\alpha) - (\alpha\beta + \beta\gamma + \gamma\alpha)\} - 3c$

$= -a\{(-a)^2 - 3b\} - 3c = -a^3 + 3ab - 3c$

$= 3ab - a^3 - 3c$ (Ans.)

4(f) $x^3 + qx + r = 0$ **সমীকরণের মূলগুলো** α, β **হলে দেখাও যে,** $(\beta - \gamma)^2 = \frac{3r - q\alpha}{\alpha}$

[টেক্সটাইল'০২-০৩]

প্রমাণঃ প্রদত্ত সমীকরণের মূলগুলো α, β, γ.

$\therefore \alpha + \beta + \gamma = 0$, $\alpha\beta + \beta\gamma + \gamma\alpha = q$ এবং $\alpha\beta\gamma = -r$

$\therefore (\beta - \gamma)^2 = (\beta + \gamma)^2 - 4\beta\gamma$

$= (-\alpha)^2 - 4(-\frac{r}{\alpha})$

$[\because \alpha + \beta + \gamma = 0$ এবং $\alpha\beta\gamma = -r]$

$= \frac{\alpha^3 + 4r}{\alpha}$

এখন, $x^3 + qx + r = 0$ সমীকরণের একটি মূল α বলে

$\alpha^3 + q\alpha + r = 0 \Rightarrow \alpha^3 = -q\alpha - r$

$\therefore (\beta - \gamma)^2 = \frac{-q\alpha - r + 4r}{\alpha} = \frac{3r - q\alpha}{\alpha}$

4(g) $r(1 - r) = 1$ **এর জটিল মূলদ্বয়** z_1 **ও** z_2 **হলে, প্রমাণ কর যে,** $z_1^3 + z_2^3 = -2$. **[বুয়েট'০৪-০৫]**

প্রমাণ : দেওয়া আছে, $r(1-r) = 1$ অর্থাৎ $r^2 - r + 1 = 0$ এর জটিল মূলদ্বয় z_1 ও z_2.

$\therefore z_1 + z_2 = 1$ এবং $z_1 z_2 = 1$

L.H.S. $= z_1^3 + z_2^3$

$= (z_1 + z_2)^3 - 3z_1z_2(z_1 + z_2)$

$= 1^3 - 3 \times 1 \times 1$

$= 1 - 3 = -2 =$ R.H.S. (Proved)

5(a) **যদি** $ax^2 + bx + c = 0$ **সমীকরণের মূলদ্বয়** α, β **হয়, তবে নিম্নের মূল দ্বারা গঠিত সমীকরণ নির্ণয় করঃ (i)** $\alpha + \frac{1}{\beta}, \beta + \frac{1}{\alpha}$ **[কু.'০৮]**

(ii) $\frac{\alpha + \beta}{2}, \sqrt{\alpha\beta}$

(iii) $\frac{1}{\alpha^3}, \frac{1}{\beta^3}$. **[ব.'১২; বুয়েট'১১-১২]**

সমাধানঃ দেওয়া আছে, $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং β.

$\therefore \alpha + \beta = -\frac{b}{a}$ এবং $\alpha\beta = \frac{c}{a}$

(i) $\alpha + \frac{1}{\beta}$ এবং $\beta + \frac{1}{\alpha}$ মূলদ্বয়ের সমষ্টি

$= \alpha + \beta + \frac{\alpha + \beta}{\alpha\beta} = -\frac{b}{a} + \frac{-\frac{b}{a}}{\frac{c}{a}} = -\frac{b}{a} - \frac{b}{c}$

এবং গুণফল $= (\alpha + \frac{1}{\beta})(\beta + \frac{1}{\alpha}) = \frac{(\alpha\beta + 1)^2}{\alpha\beta}$

$= \frac{(\frac{c}{a} + 1)^2}{\frac{c}{a}} = \frac{(c+a)^2}{a^2} \times \frac{a}{c} = \frac{(c+a)^2}{ca}$

$\therefore$ নির্ণেয় সমীকরণ, $x^2 - (-\frac{b}{a} - \frac{b}{c})x + \frac{(c+a)^2}{ca} = 0$

$\therefore cax^2 + b(a + c)x + (c + a)^2 = 0$

(ii) $\frac{\alpha + \beta}{2}$ এবং $\sqrt{\alpha\beta}$ মূলদ্বয়ের সমষ্টি

$\frac{\alpha + \beta}{2} + \sqrt{\alpha\beta} = -\frac{b}{2a} + \sqrt{\frac{c}{a}} = \frac{2\sqrt{ca} - b}{2a}$

এবং গুণফল $= \frac{\alpha + \beta}{2}.\sqrt{\alpha\beta} = -\frac{b}{2a}.\sqrt{\frac{c}{a}}$

$= -\frac{b\sqrt{c}}{2a\sqrt{a}}$

$\therefore$ নির্ণেয় সমীকরণ,

$x^2 - \frac{2\sqrt{ca} - b}{2a}x - \frac{b\sqrt{c}}{2a\sqrt{a}} = 0$

$\therefore 2a\sqrt{a}\,x^2 - (2a\sqrt{c} - b\sqrt{a})x - b\sqrt{c} = 0$

(iii) $\frac{1}{\alpha^3}$ এবং $\frac{1}{\beta^3}$ মূলদ্বয়ের সমষ্টি

$= \frac{1}{\alpha^3} + \frac{1}{\beta^3} = \frac{\alpha^3 + \beta^3}{\alpha^3\beta^3}$

$= \frac{a^3}{c^3}\{(\alpha + \beta)^3 - 3\alpha\beta(\alpha + \beta)\}$

$= \frac{a^3}{c^3}\{-\frac{b^3}{a^3} - 3\frac{c}{a}(-\frac{b}{a})\} = \frac{a^3}{c^3}\frac{3abc - b^3}{a^3}$

$= \frac{3abc - b^3}{c^3}$

এবং গুণফল $= \frac{1}{\alpha^3}.\frac{1}{\beta^3} = \frac{1}{\alpha^3\beta^3} = \frac{a^3}{c^3}$

$\therefore$ নির্ণেয় সমীকরণ,

$x^2 - \frac{3abc - b^3}{c^3}x + \frac{a^3}{c^3} = 0$

$\therefore c^3x^2 - (3abc - b^3)x + a^3 = 0$

5(b) **এমন একটি সমীকরণ নির্ণয় কর যার মূল দুইটি যথাক্রমে** $x^2 - 2bx + b^2 - a^2 = 0$ **সমীকরণের মূলদ্বয়ের সমষ্টি এবং অন্তরফলের ধনাত্মক মান হবে।**

[রা.'১৪; য.'০৪,'০৮,'১২; ব.'০৮,'১৫; কু.'০৯; দি.'১৪]

সমাধানঃ ধরি, প্রদত্ত সমীকরণের মূলদ্বয় α এবং β

$\therefore \alpha + \beta = 2b$ এবং $\alpha\beta = b^2 - a^2$

প্রশ্নমতে, নির্ণেয় সমীকরণের মূলদ্বয় $\alpha + \beta$ এবং $|\alpha - \beta|$

এখন, $|\alpha - \beta| = \sqrt{(\alpha+\beta)^2 - 4\alpha\beta}$

$= \sqrt{4b^2 - 4(b^2 - a^2)}$

$= \sqrt{4b^2 - 4b^2 + 4a^2} = \sqrt{4a^2}$

$= 2a$, যখন $a > 0$

$= -2a$, যখন $a < 0$

$\therefore$ নির্ণেয় সমীকরণ,

$x^2 - \{(\alpha+\beta) + |\alpha - \beta|\}x + (\alpha+\beta)|\alpha-\beta| = 0$

$\Rightarrow x^2 - (2b + 2a)x + 2b.2a = 0$, যখন $a > 0$

$\therefore x^2 - 2(a+b)x + 4ab = 0$ (Ans.)

আবার, $x^2 - (2b - 2a)x + 2b.(-2a) = 0$, যখন $a < 0$

$\Rightarrow x^2 + 2(a - b)x - 4ab = 0$

5(c) একপ সমীকরণ নির্ণয় কর যার মূল দুইটি $17x^2 - 3x + 14 = 0$ সমীকরণের মূলদ্বয়ের যোগফল এবং গুণফল। [চ.'০২]

সমাধানঃ ধরি, প্রদত্ত সমীকরণের মূলদ্বয় α এবং β.

$\therefore \alpha + \beta = \frac{3}{17}$ এবং $\alpha\beta = \frac{14}{17}$

প্রশ্নমতে, নির্ণেয় সমীকরণের মূলদ্বয় $\alpha + \beta$ এবং $\alpha\beta$

$\therefore$ নির্ণেয় সমীকরণ,

$x^2 - (\alpha + \beta + \alpha\beta)x + (\alpha+\beta)\alpha\beta = 0$

$\Rightarrow x^2 - (\frac{3}{17} + \frac{14}{17})x + \frac{3}{17}.\frac{14}{17} = 0$

$\Rightarrow x^2 - \frac{17}{17}x + \frac{42}{289} = 0$

$\therefore 289(x^2 - x) + 42 = 0$ (Ans.)

5(d) $7x^2 - 5x - 3 = 0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে $\frac{1}{\alpha} + \frac{2}{\beta}$ এবং $\frac{1}{\beta} + \frac{2}{\alpha}$ মূল বিশিষ্ট সমীকরণ নির্ণয় কর। [কুয়েট'০৪-০৫]

সমাধান : দেওয়া আছে, $7x^2 - 5x - 3 = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং β

$\alpha + \beta = \frac{5}{7}$, $\alpha\beta = -\frac{3}{7}$

$\frac{1}{\alpha} + \frac{2}{\beta}$ এবং $\frac{1}{\beta} + \frac{2}{\alpha}$ মূলদ্বয়ের সমষ্টি

$= (\frac{1}{\alpha} + \frac{1}{\beta}) + 2(\frac{1}{\alpha} + \frac{1}{\beta}) = 3(\frac{1}{\alpha} + \frac{1}{\beta})$

$= 3\frac{\alpha+\beta}{\alpha\beta} = 3.\frac{5}{7}(-\frac{7}{3}) = -5$

এবং গুণফল $= (\frac{1}{\alpha} + \frac{2}{\beta})(\frac{1}{\beta} + \frac{2}{\alpha})$

$= \frac{1}{\alpha\beta} + 2(\frac{1}{\alpha^2} + \frac{1}{\beta^2}) + 4\frac{1}{\alpha\beta}$

$= 5\frac{1}{\alpha\beta} + 2(\frac{\alpha^2 + \beta^2}{\alpha^2\beta^2})$

$= 5(-\frac{7}{3}) + 2\frac{(\alpha+\beta)^2 - 2\alpha\beta}{\alpha^2\beta^2}$

$= -\frac{35}{3} + 2\{(\frac{5}{7})^2 - 2(-\frac{3}{7})\}.(-\frac{7}{3})^2$

$= -\frac{35}{3} + 2(\frac{25}{49} + \frac{6}{7}).\frac{49}{9}$

$= -\frac{35}{3} + 2\frac{25 + 42}{49}.\frac{49}{9}$

$= -\frac{35}{3} + 2\frac{67}{9} = \frac{-105 + 134}{9} = \frac{29}{9}$

$\therefore$ নির্ণেয় সমীকরণ, $x^2 - (-5)x + \frac{29}{9} = 0$

$\Rightarrow 9x^2 + 45x + 29 = 0$

5(e) $2x^2 + 3x + 5 = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং β হলে, $\frac{1}{\alpha^3}$ এবং $\frac{1}{\beta^3}$ দ্বারা গঠিত সমীকরণ নির্ণয় কর।

সমাধানঃ দেওয়া আছে, $2x^2 + 3x + 5 = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং β

$\therefore \alpha + \beta = -\frac{3}{2}$, $\alpha\beta = \frac{5}{2}$

$\frac{1}{\alpha^3}$ এবং $\frac{1}{\beta^3}$ মূলদ্বয়ের সমষ্টি $= \frac{1}{\alpha^3} + \frac{1}{\beta^3}$

$= \frac{\alpha^3 + \beta^3}{\alpha^3\beta^3} = \frac{(\alpha+\beta)^3 - 3\alpha\beta(\alpha+\beta)}{\alpha^3\beta^3}$

$= \frac{(-3/2)^3 - 3(5/2)(-3/2)}{(5/2)^3}$

$= \frac{8}{125}(-\frac{27}{8} + \frac{45}{4}) = \frac{8}{125}(\frac{-27 + 90}{8}) = \frac{63}{125}$

এবং গুণফল $= \frac{1}{\alpha^3\beta^3} = (\frac{2}{5})^3 = \frac{8}{125}$

$\therefore$ নির্ণেয় সমীকরণ, $x^2 - (\frac{63}{125})x + \frac{8}{125} = 0$

$\Rightarrow 125x^2 - 63x + 8 = 0$

5(f) যদি $x^2 + 2bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α, β হয়, তবে α^2 ও β^2 সম্বলিত সমীকরণটি নির্ণয় কর।

সমাধানঃ দেওয়া আছে, $x^2 + 2bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং β

$\therefore \alpha + \beta = -\frac{2b}{1} = -2b$, $\alpha\beta = \frac{c}{1} = c$

α^2 ও β^2 মূলদ্বয়ের সমষ্টি $= \alpha^2 + \beta^2$

$= (\alpha+\beta)^2 - 2\alpha\beta = (-2b)^2 - 2c = 4b^2 - 2c$

এবং গুণফল $= \alpha^2\beta^2 = c^2$

$\therefore$ নির্ণেয় সমীকরণ, $x^2 - (4b^2 - 2c)x + c^2 = 0$

6(a) চতুর্ঘাত বিশিষ্ট সমীকরণ গঠন কর যার দুইটি মূল যথাক্রমে 2, 3 এবং বাকী মূল $x^2 + 4x + 5 = 0$ সমীকরণের মূল। [বুয়েট'০২-০৩]

সমাধান : 2 এবং 3 মূল বিশিষ্ট সমীকরণ

$x^2 - (2 + 3)x + 2.3 = 0$

$\Rightarrow x^2 - 5x + 6 = 0$

$\therefore$ চতুর্ঘাত বিশিষ্ট সমীকরণ,

$(x^2 - 5x + 6)(x^2 + 4x + 5) = 0$

$\Rightarrow x^4 + 4x^3 + 5x^2 - 5x^3 - 20x^2 - 25x + 6x^2 + 24x + 30 = 0$

$\therefore x^4 - x^3 - 9x^2 - x + 30 = 0$

6(b) যদি α ও β অসমান হয় অথচ $\alpha^2 = 5\alpha - 3$ এবং $\beta^2 = 5\beta - 3$ হয় তবে $\frac{\alpha}{\beta}$ এবং $\frac{\beta}{\alpha}$ মূল বিশিষ্ট সমীকরণ নির্ণয় কর। [বুয়েট'০০-০১]

সমাধানঃ দেওয়া আছে,

$\alpha^2 = 5\alpha - 3 \cdots$ (i) এবং $\beta^2 = 5\beta - 3 \cdots$ (ii)

(i) − (ii) $\Rightarrow \alpha^2 - \beta^2 = 5(\alpha - \beta)$

$\Rightarrow (\alpha - \beta)(\alpha + \beta) = 5(\alpha - \beta)$

$\Rightarrow \alpha + \beta = 5$ [$\because \alpha \neq \beta$]

(i) + (ii) $\Rightarrow \alpha^2 + \beta^2 = 5(\alpha + \beta) - 6$

$\Rightarrow (\alpha + \beta)^2 - 2\alpha\beta = 5.5 - 6$

$\Rightarrow 25 - 2\alpha\beta = 25 - 6 \therefore \alpha\beta = 3$

$\therefore$ নির্ণেয় সমীকরণ, [কুয়েট'০৬-০৭]

$x^2 - (\frac{\alpha}{\beta} + \frac{\beta}{\alpha})x + \frac{\alpha}{\beta}.\frac{\beta}{\alpha} = 0$

$\Rightarrow x^2 - \frac{\alpha^2 + \beta^2}{\alpha\beta}x + 1 = 0$

$\Rightarrow x^2 - \frac{(\alpha+\beta)^2 - 2\alpha\beta}{\alpha\beta}x + 1 = 0$

$\Rightarrow x^2 - \frac{25 - 6}{3}x + 1 = 0$

$\therefore 3x^2 - 19x + 3 = 0$

7(a) $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে $cx^2 - 2bx + 4a = 0$ সমীকরণের মূলদ্বয়কে α, β এর মাধ্যমে প্রকাশ কর। [দি.'১০; রা.'১১]

সমাধানঃ দেওয়া আছে, $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং β

$\therefore \alpha + \beta = -\frac{b}{a} \Rightarrow b = -a(\alpha + \beta)$ এবং

$\alpha\beta = \frac{c}{a} \Rightarrow c = a\alpha\beta$

এখন, $cx^2 - 2bx + 4a = 0$

$\Rightarrow a\alpha\beta x^2 - 2\{-a(\alpha+\beta)\}x + 4a = 0$

$\Rightarrow \alpha\beta x^2 + 2\alpha x + 2\beta x + 4 = 0$

$\Rightarrow \alpha x(\beta x + 2) + 2(\beta x + 2) = 0$

$\Rightarrow (\alpha x + 2)(\beta x + 2) = 0 \quad \therefore x = -\frac{2}{\alpha}, -\frac{2}{\beta}$

অতএব, $cx^2 - 2bx + 4a = 0$ সমীকরণের মূলদ্বয় $-\frac{2}{\alpha}$ এবং $-\frac{2}{\beta}$

7(b) $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে $ac(x^2+1) - (b^2 - 2ac)x = 0$ সমীকরণের মূলদ্বয় α, β এর মাধ্যমে প্রকাশ কর। [চ.'০২,'১০; বুয়েট'১২-১৩]

সমাধানঃ দেওয়া আছে, $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং β

$\therefore \alpha + \beta = -\frac{b}{a} \Rightarrow b = -a(\alpha+\beta)$ এবং

$\alpha\beta = \frac{c}{a} \Rightarrow c = a\alpha\beta$

এখন, $ac(x^2+1) - (b^2 - 2ac)x = 0$

$\Rightarrow acx^2 - (b^2 - 2ac)x + ac = 0$

$\Rightarrow a^2\alpha\beta x^2 - \{a^2(\alpha+\beta)^2 - 2a^2\alpha\beta\}x + a^2\alpha\beta = 0$

$\Rightarrow \alpha\beta x^2 - \{\alpha^2 + \beta^2 + 2\alpha\beta - 2\alpha\beta\}x + \alpha\beta = 0$

$\Rightarrow \alpha\beta x^2 - \alpha^2 x - \beta^2 x + \alpha\beta = 0$

$\Rightarrow \alpha x(\beta x - \alpha) - \beta(\beta x - \alpha) = 0$

$\Rightarrow (\beta x - \alpha)(\alpha x - \beta) = 0 \Rightarrow x = \frac{\alpha}{\beta}, \frac{\beta}{\alpha}$

$\therefore ac(x^2+1) - (b^2 - 2ac)x = 0$ সমীকরণের মূলদ্বয় $\frac{\alpha}{\beta}$ এবং $\frac{\beta}{\alpha}$

7(c) $x^2 - bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α, β এবং $x^2 - cx + b = 0$ সমীকরণের মূলদ্বয় γ, δ হলে এরূপ সমীকরণ নির্ণয় কর যার মূলদ্বয় $\frac{1}{\alpha\gamma} + \frac{1}{\beta\delta}$ এবং $\frac{1}{\alpha\delta} + \frac{1}{\beta\gamma}$ হয়।

প্রমাণ: $x^2 - bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে, $\alpha + \beta = b$ এবং $\alpha\beta = c$

আবার, $x^2 - cx + b = 0$ সমীকরণের মূলদ্বয় γ, δ হলে, $\gamma + \delta = c$ এবং $\gamma\delta = b$

$\frac{1}{\alpha\gamma} + \frac{1}{\beta\delta}$ এবং $\frac{1}{\alpha\delta} + \frac{1}{\beta\gamma}$ মূলদ্বয়ের সমষ্টি

$= \frac{1}{\alpha\gamma} + \frac{1}{\beta\delta} + \frac{1}{\alpha\delta} + \frac{1}{\beta\gamma}$

$= \left(\frac{1}{\alpha\gamma} + \frac{1}{\alpha\delta}\right) + \left(\frac{1}{\beta\delta} + \frac{1}{\beta\gamma}\right)$

$= \frac{1}{\alpha}\left(\frac{\gamma+\delta}{\gamma\delta}\right) + \frac{1}{\beta}\left(\frac{\gamma+\delta}{\gamma\delta}\right)$

$= \left(\frac{\alpha+\beta}{\alpha\beta}\right)\left(\frac{\gamma+\delta}{\gamma\delta}\right) = \frac{b}{c}\cdot\frac{c}{b} = 1$

এবং গুণফল $= \left(\frac{1}{\alpha\gamma} + \frac{1}{\beta\delta}\right)\left(\frac{1}{\alpha\delta} + \frac{1}{\beta\gamma}\right)$

$= \frac{\beta\delta + \alpha\gamma}{\alpha\beta\gamma\delta} \times \frac{\beta\gamma + \alpha\delta}{\alpha\beta\gamma\delta}$

$= \left(\frac{1}{\alpha\beta}\frac{1}{\gamma\delta}\right)^2 (\beta^2\gamma\delta + \alpha\beta\delta^2 + \alpha\beta\gamma^2 + \alpha^2\gamma\delta)$

$= \frac{1}{(cb)^2}\{\alpha\beta(\gamma^2 + \delta^2) + \gamma\delta(\alpha^2 + \beta^2)\}$

$= \frac{1}{b^2c^2}[c\{(\gamma+\delta)^2 - 2\gamma\delta\} + b\{(\alpha+\beta)^2 - 2\alpha\beta\}]$

$= \frac{1}{b^2c^2}\{c(c^2 - 2b) + b(b^2 - 2c)\}$

$= \frac{1}{b^2c^2}(c^3 - 2bc + b^3 - 2bc)$

$= \frac{1}{b^2c^2}(b^3 + c^3 - 4bc)$

নির্ণেয় সমীকরণ,

$x^2 - 1x + \frac{1}{b^2c^2}(b^3 + c^3 - 4bc) = 0$

$\Rightarrow b^2c^2(x^2 - x) + b^3 + c^3 - 4bc = 0$.

7(d) $x^2 + ax + \frac{1}{4}(a^2 - b^2) = 0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে দেখাও যে, $x^2 + (a \pm b)x \pm ab = 0$ সমীকরণের মূলদ্বয় $\alpha + \beta, \alpha - \beta$ হবে। [রা.'০২]

প্রমাণ: দেওয়া আছে, $x^2 + ax + \frac{1}{4}(a^2 - b^2) = 0$

সমীকরণের মূলদ্বয় α এবং β.

$\therefore \alpha + \beta = -a$ এবং

$\alpha\beta = \frac{1}{4}(a^2 - b^2) \Rightarrow a^2 - 4\alpha\beta = b^2$

$\Rightarrow (\alpha+\beta)^2 - 4\alpha\beta = b^2$

$\Rightarrow (\alpha-\beta)^2 = b^2 \quad \therefore \alpha - \beta = \mp b$

এখন, $x^2 + (a \pm b)x \pm ab = 0$

$\Rightarrow x^2 + \{a - (\mp b)\} - a(\mp b) = 0$

$\Rightarrow x^2 + \{-(\alpha+\beta) - (\alpha-\beta)\}x - \{-(\alpha+\beta)(\alpha-\beta)\} = 0$

$\Rightarrow x^2 - \{(\alpha+\beta) + (\alpha-\beta)\}x + (\alpha+\beta)(\alpha-\beta) = 0$

$\therefore x^2 + (a \pm b)x \pm ab = 0$ সমীকরণের মূলদ্বয় $\alpha + \beta$ এবং $\alpha - \beta$ (Proved)

7(e) যদি $\alpha \pm \sqrt{\beta}$ রাশি দুইটি $x^2 + px + q = 0$ সমীকরণের মূল হয়, তবে দেখাও যে, $(p^2 - 4q)(p^2x^2 + 4px) - 16q = 0$ সমীকরণের মূল দুইটি হবে $\frac{1}{\alpha} \pm \frac{1}{\sqrt{\beta}}$. [চুয়েট'০৭-০৮]

প্রমাণ: দেওয়া আছে, $x^2 + px + q = 0$ সমীকরণের মূলদ্বয় $\alpha + \sqrt{\beta}$ ও $\alpha - \sqrt{\beta}$.

$\therefore \alpha + \sqrt{\beta} + \alpha - \sqrt{\beta} = -p$

$\Rightarrow 2\alpha = -p \Rightarrow p = 2\alpha$ এবং

$(\alpha + \sqrt{\beta})(\alpha - \sqrt{\beta}) = q \Rightarrow q = \alpha^2 - \beta$

এখন, $(p^2 - 4q)(p^2x^2 + 4px) - 16q = 0$

$\Rightarrow \{(-2\alpha)^2 - 4(\alpha^2 - \beta)\}\{(-2\alpha)^2 x^2 + 4(-2\alpha)x\} - 16(\alpha^2 - \beta) = 0$

$\Rightarrow (4\alpha^2 - 4\alpha^2 + 4\beta)(4\alpha^2x^2 - 8\alpha x) - 16(\alpha^2 - \beta) = 0$

$\Rightarrow 16\beta(\alpha^2x^2 - 2\alpha x) - 16(\alpha^2 - \beta) = 0$

$\Rightarrow \beta\alpha^2x^2 - 2\alpha\beta x - \alpha^2 + \beta = 0$

$\Rightarrow x = \frac{2\alpha\beta \pm \sqrt{4\alpha^2\beta^2 + 4\alpha^2\beta(\beta - \alpha^2)}}{2\alpha^2\beta}$

$= \frac{2\alpha\beta \pm \sqrt{4\alpha^2\beta^2 - 4\alpha^2\beta^2 + 4\alpha^4\beta}}{2\alpha^2\beta}$

$= \frac{2\alpha\beta \pm \sqrt{4\alpha^4\beta}}{2\alpha^2\beta} = \frac{2\alpha\beta \pm 2\alpha^2\sqrt{\beta}}{2\alpha^2\beta}$

$= \frac{1}{\alpha} \pm \frac{1}{\sqrt{\beta}}$

$\therefore (p^2 - 4q)(p^2x^2 + 4px) - 16q = 0$

সমীকরণের মূল দুইটি হবে $\frac{1}{\alpha} \pm \frac{1}{\sqrt{\beta}}$

8(a) $x^2 - bx + c = 0$ ও $x^2 - cx + b = 0$ সমীকরণের মূলদ্বয়ের পার্থক্য একটি ধ্রুবরাশি হলে প্রমাণ কর যে, $b + c + 4 = 0$ [চ.'০১; ব.'০৪; ব.'০৮,'১০; সি.'০২,'১২; কু.'০২,'১২; দি.'১০; টেক্সটাইল'০৩-০৪]

প্রমাণঃ মনে করি, $x^2 - bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং β

$\therefore \alpha + \beta = b, \alpha\beta = c$

প্রশ্নানুসারে, $x^2 - cx + b = 0$ সমীকরণের মূলদ্বয় $\alpha + k$ এবং $\beta + k$, যেখানে k ধ্রুবক।

$\therefore \alpha + k + \beta + k = c \Rightarrow \alpha + \beta + 2k = c$

$\Rightarrow b + 2k = c$ [$\because \alpha + \beta = b$]

$\Rightarrow k = \frac{1}{2}(c-b)$......(i) এবং $(\alpha - k)(\beta - k) = b$

$\Rightarrow \alpha\beta - k(\alpha+\beta) - k^2 = b \Rightarrow c - kb - k^2 = b$

$\Rightarrow c - \frac{1}{2}(c-b).b - \frac{1}{4}(c-b)^2 = b$ [(i) দ্বারা]

$\Rightarrow 4c - 2bc - 2b^2 - c^2 - b^2 - 2bc - 4b = 0$

$\Rightarrow 4c - b^2 - c^2 - 4b = 0$

$\Rightarrow 4(c-b) - (c-b)(c-b) = 0$

$\Rightarrow (c-b)(b-c+4) = 0$

$\therefore\ b - c + 4 = 0\ [\because b \neq c]$ (Proved)

8(b) $a_1x^2 + b_1x + c_1 = 0$ সমীকরণের মূলদ্বয়ের অনুপাত $a_2x^2 + b_2x + c_2 = 0$ সমীকরণের মূলদ্বয়ের অনুপাতের সমান হলে দেখাও যে, $\frac{b_1^2}{b_2^2} = \frac{a_1c_1}{a_2c_2}$ [য.'০৩]

প্রমাণঃ ধরি, $a_1x^2 + b_1x + c_1 = 0$ সমীকরণের মূলদ্বয় α, β এবং $a_2x^2 + b_2x + c_2 = 0$ সমীকরণের মূলদ্বয় γ, δ.

প্রশ্নমতে, $\frac{\alpha}{\beta} = \frac{\gamma}{\delta} \Rightarrow \frac{\alpha+\beta}{\alpha-\beta} = \frac{\gamma+\delta}{\gamma-\delta}$

$$\Rightarrow \frac{(\alpha+\beta)^2}{(\gamma+\delta)^2} = \frac{(\alpha-\beta)^2}{(\gamma-\delta)^2}$$

$$\Rightarrow \frac{(\alpha+\beta)^2}{(\gamma+\delta)^2} = \frac{(\alpha+\beta)^2 - 4\alpha\beta}{(\gamma+\delta)^2 - 4\gamma\delta}$$

$$= \frac{(\alpha+\beta)^2 - \{(\alpha+\beta)^2 - 4\alpha\beta\}}{(\gamma+\delta)^2 - \{(\gamma+\delta)^2 - 4\gamma\delta\}}$$

$$\Rightarrow \frac{(\alpha+\beta)^2}{(\gamma+\delta)^2} = \frac{4\alpha\beta}{4\gamma\delta} = \frac{\alpha\beta}{\gamma\delta}$$

$$\Rightarrow \frac{(-b_1/a_1)^2}{(-b_2/a_2)^2} = \frac{c_1/a_1}{c_2/a_2}$$

$$\Rightarrow \frac{b_1^2/a_1^2}{b_2^2/a_2^2} = \frac{c_1/a_1}{c_2/a_2} \Rightarrow \frac{b_1^2}{a_1^2} \times \frac{a_2^2}{b_2^2} = \frac{c_1}{a_1} \times \frac{a_2}{c_2}$$

$$\Rightarrow \frac{b_1^2}{b_2^2} = \frac{c_1}{a_1} \times \frac{a_2}{c_2} \times \frac{a_1^2}{a_2^2}\ \therefore \frac{b_1^2}{b_2^2} = \frac{a_1c_1}{a_2c_2}$$

9(a) $ax^2 + bx + b = 0$ সমীকরণের মূলদ্বয়ের অনুপাত $m : n$ হলে দেখাও যে, $\sqrt{\frac{m}{n}} + \sqrt{\frac{n}{m}} + \sqrt{\frac{b}{a}} = 0$ [কু.'০৭,'১০,'১৫; ব.'০৮, '০৯; ঢা.'০৮; চ.'০২,'১৫; রা.সি.দি.'১২,'১৫; মা.'১৫]

প্রমাণঃ মনে করি, $ax^2 + bx + b = 0$ সমীকরণের মূলদ্বয় $m\alpha$ এবং $n\alpha$.

$\therefore\ (m+n)\alpha = -\frac{b}{a} \Rightarrow m + n = -\frac{b}{a\alpha}$ এবং

$mn\alpha^2 = \frac{b}{a} \Rightarrow mn = \frac{b}{a\alpha^2}$

এখন, $\sqrt{\frac{m}{n}} + \sqrt{\frac{n}{m}} + \sqrt{\frac{b}{a}} = \frac{\sqrt{m}}{\sqrt{n}} + \frac{\sqrt{n}}{\sqrt{m}} + \frac{\sqrt{b}}{\sqrt{a}}$

$$= \frac{m+n}{\sqrt{mn}} + \frac{\sqrt{b}}{\sqrt{a}} = -\frac{b}{a\alpha} \times \sqrt{\frac{a\alpha^2}{b}} + \frac{\sqrt{b}}{\sqrt{a}}$$

$$= -\frac{b}{a\alpha} \times \frac{\alpha\sqrt{a}}{\sqrt{b}} + \frac{\sqrt{b}}{\sqrt{a}} = -\frac{\sqrt{b}}{\sqrt{a}} + \frac{\sqrt{b}}{\sqrt{a}} = 0$$

$\therefore\ \sqrt{\frac{m}{n}} + \sqrt{\frac{n}{m}} + \sqrt{\frac{b}{a}} = 0$ (Showed)

9(b) $27x^2 + 6x - (p+2) = 0$ সমীকরণের একটি মূল অপরটির বর্গ হলে, p এর মান নির্ণয় কর। [রা.'০৫,'১২; ব.'১৪, '০৯; ঢা.'০৪; কু.'০৫; চ.'০৭,'১২; য. '০৯,'১৩; সি.'১১,'১৫; চুয়েট'০৮-০৯]

সমাধানঃ মনে করি, $27x^2 + 6x - (p+2) = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং α^2.

$\therefore\ \alpha + \alpha^2 = -\frac{2}{9}$ ......(i) এবং

$\alpha.\alpha^2 = -\frac{p+2}{27} \Rightarrow \alpha^3 = -\frac{p+2}{27}$ ......(ii)

(i) হতে আমরা পাই, $9\alpha + 9\alpha^2 = -2$

$\Rightarrow 9\alpha^2 + 9\alpha + 2 = 0$

$\Rightarrow 9\alpha^2 + 6\alpha + 3\alpha + 2 = 0$

$\Rightarrow 3\alpha(3\alpha + 2) + 1(3\alpha + 2) = 0$

$\Rightarrow (3\alpha + 2)(3\alpha + 1) = 0$

$\therefore\ 3\alpha + 2 = 0 \Rightarrow \alpha = -\frac{2}{3}$

অথবা $3\alpha + 1 = 0 \Rightarrow \alpha = -\frac{1}{3}$

$\alpha = -\frac{1}{3}$ হলে (ii) হতে $(-\frac{1}{3})^3 = -\frac{p+2}{27}$

$\Rightarrow -(p+2) = -1 \Rightarrow p = 1 - 2 = -1$

$\alpha = -\frac{2}{3}$ হলে (ii) হতে $(-\frac{2}{3})^3 = -\frac{p+2}{27}$

$\Rightarrow -(p+2) = -8 \Rightarrow p = 8 - 2 = 6$

$\therefore\ p = -1, 6$ (Ans.)

9(c) $x^2 + px + q = 0$ সমীকরণের মূলদ্বয়ের পার্থক্য 1 হলে দেখাও যে, $p^2 + 4q^2 = (1+2q)^2$ [ঢা.'০২,'০৭; চ.'০৫; রা.'০৬,'১৩; ব.'০৮; মা.'১৪]

প্রমাণঃ মনে করি, $x^2 + px + q = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং $\alpha + 1$

$\therefore\ \alpha + \alpha + 1 = -p \Rightarrow 2\alpha = -p - 1$

$\Rightarrow \alpha = \frac{1}{2}(-p-1)$ এবং

$\alpha(\alpha + 1) = q \Rightarrow \alpha^2 + \alpha = q$

$\Rightarrow \frac{1}{4}(p+1)^2 - \frac{1}{2}(p+1) = q$

$\Rightarrow p^2 + 2p + 1 - 2p - 2 = 4q \Rightarrow p^2 = 4q + 1$

এখন, L.H.S. $= p^2 + 4q^2 = 4q + 1 + 4q^2$

$= (2q)^2 + 2.2q.1 + 1^2 = (2q+1)^2 =$ R.H.S.

9(d) k এর মান কত হলে, $(k^2 - 3)x^2 + 3kx + 3k + 1 = 0$ সমীকরণের মূলদ্বয় পরস্পর উল্টো হবে? [ব.'০১; কু. '১০; বুয়েট'০৪-০৫]

প্রমাণঃ ধরি, $(k^2 - 3)x^2 + 3kx + 3k + 1 = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং α^{-1}

$\therefore$ মূলদ্বয়ের গুনফল, $\alpha\alpha^{-1} = \frac{3k+1}{k^2-3}$

$\Rightarrow 1 = \frac{3k+1}{k^2-3} \Rightarrow k^2 - 3 = 3k + 1$

$\Rightarrow k^2 - 3k - 4 = 0 \Rightarrow (k-4)(k+1) = 0$

$\therefore\ k = -1, 4$

9(e) $\frac{1}{x} + \frac{1}{p-x} = \frac{1}{q}$ সমীকরণের মূলদ্বয়ের অন্তর r হলে p কে q ও r এর মাধ্যমে প্রকাশ কর। [য.'০২; রা.'০৫; সি.'০৪,'০৮; ঢা.'০২; চ.বি.'১১]

সমাধানঃ $\frac{1}{x} + \frac{1}{p-x} = \frac{1}{q}$

$\Rightarrow \frac{p - x + x}{x(p-x)} = \frac{1}{q} \Rightarrow pq = px - x^2$

$\Rightarrow x^2 - px + pq = 0$

এখন মনে করি, $x^2 - px + pq = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং $\alpha + r$.

$\therefore\ \alpha + \alpha + r = p \Rightarrow 2\alpha = p - r$

$\Rightarrow \alpha = \frac{1}{2}(p-r)$......(i) এবং

$\alpha(\alpha + r) = pq \Rightarrow \alpha^2 + r\alpha = pq$

$\Rightarrow \frac{1}{4}(p-r)^2 + \frac{1}{2}r(p-r) - pq = 0$

$\Rightarrow p^2 - 2pr + r^2 + 2pr - 2r^2 - 4pq = 0$

$\Rightarrow p^2 - 4pq - r^2 = 0$

$$\therefore\ p = \frac{4q \pm \sqrt{16q^2 - 4.1.(-r^2)}}{2.1}$$

$$= \frac{4q \pm 2\sqrt{4q^2 + r^2}}{2} = 2q \pm \sqrt{4q^2 + r^2}$$

9(f) $ax^2 + bx + c = 0$ সমীকরণের একটি মূল অপরটির বর্গ হলে প্রমাণ কর যে,

(i) $a^2c + ac^2 + b^3 = 3abc$ [ঢা. '০৯]

(ii) $c(a-b)^3 = a(c-b)^3$ [চ.'০২; ব.'০৭]

প্রমাণঃ মনে করি, $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং α^2

$\therefore \alpha + \alpha^2 = -\frac{b}{a}$ ……(i) এবং

$\alpha.\alpha^2 = \frac{c}{a} \Rightarrow \alpha^3 = \frac{c}{a}$ ……(ii)

(i) হতে পাই, $(\alpha + \alpha^2)^3 = (-\frac{b}{a})^3$

$\Rightarrow \alpha^3 + \alpha^6 + 3\alpha^3(\alpha + \alpha^2) = -\frac{b^3}{a^3}$

$\Rightarrow \frac{c}{a} + (\frac{c}{a})^2 + 3\frac{c}{a}(-\frac{b}{a}) = -\frac{b^3}{a^3}$

$\Rightarrow ca^2 + c^2a - 3abc = -b^3$

$\Rightarrow a^2c + ac^2 + b^3 = 3abc$

(ii) $\frac{(a-b)^3}{(c-b)^3} = \frac{\left\{\frac{a}{a} - \frac{b}{a}\right\}^3}{\left\{\frac{c}{a} - \frac{b}{a}\right\}^3}$

$= \frac{(1+\alpha+\alpha^2)^3}{(\alpha^3+\alpha+\alpha^2)^3} = \frac{(1+\alpha+\alpha^2)^3}{\{\alpha(1+\alpha+\alpha^2)\}^3}$

$= \frac{(1+\alpha+\alpha^2)^3}{\alpha^3(1+\alpha+\alpha^2)^3} = \frac{1}{\alpha^3} = \frac{a}{c}$

$\therefore c(a-b)^3 = a(c-b)^3$

9(g) যদি $x^2 - px + q = 0$ সমীকরণের মূলদ্বয় ক্রমিক পূর্ণ সংখ্যা হয়, তবে প্রমাণ কর যে, $p^2 - 4q - 1 = 0$

[ঢা.'০৩,'১৩; দি.'০৯; ব. '১০; য.'১১]

প্রমাণঃ মনে করি, $x^2 - px + q = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং $\alpha + 1$

$\therefore \alpha + \alpha + 1 = p \Rightarrow 2\alpha = p - 1$

$\Rightarrow \alpha = \frac{1}{2}(p-1)$ এবং

$\alpha(\alpha+1) = q \Rightarrow \alpha^2 + \alpha = q$

$\Rightarrow \frac{1}{4}(p-1)^2 + \frac{1}{2}(p-1) = q$

$\Rightarrow p^2 - 2p + 1 + 2p - 2 - 4q = 0$

$\Rightarrow p^2 - 4q - 1 = 0$

9(h) $2bx^2 + 2(a+b)x + 3a = 2b$ সমীকরণের একটি মূল অপরটির দ্বিগুণ হলে দেখাও যে, $a = 2b$ অথবা, $4a = 11b$. [রা.'০৪; চ.'১০]

প্রমাণঃ ধরি, $2bx^2 + 2(a+b)x + 3a = 2b$

$\Rightarrow 2bx^2 + 2(a+b)x + 3a - 2b = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং 2α.

$\therefore \alpha + 2\alpha = -\frac{2(a+b)}{2b} \Rightarrow 3\alpha = -\frac{(a+b)}{b}$

$\Rightarrow \alpha = -\frac{(a+b)}{3b}$ এবং

$\alpha.2\alpha = \frac{3a-2b}{2b} \Rightarrow \alpha^2 = \frac{3a-2b}{4b}$

$\Rightarrow \left\{-\frac{a+b}{3b}\right\}^2 = \frac{3a-2b}{4b}$ $[\because \alpha = -\frac{(a+b)}{3b}]$

$\Rightarrow 4b(a+b)^2 = 9b^2(3a-2b)$

$\Rightarrow 4(a^2 + 2ab + b^2) = 9b(3a-2b)$

$\Rightarrow 4a^2 + 8ab + 4b^2 = 27ab - 18b^2$

$\Rightarrow 4a^2 - 19ab + 22b^2 = 0$

$\Rightarrow 4a^2 - 11ab - 8ab + 22b^2 = 0$

$\Rightarrow a(4a - 11b) - 2b(4a - 11b) = 0$

$\Rightarrow (a - 2b)(4a - 11b) = 0$

$\therefore a = 2b$ অথবা, $4a = 11b$

9(i) $ax^2 + bx + c = 0$ সমীকরণের মূলদ্বয়ের অনুপাত 3 : 4 হলে, দেখাও যে, $12b^2 = 49ac$

[চ.'১১,'১৩ ; টেক্সটেইল'০৪-০৫]

প্রমাণঃ ধরি, প্রদত্ত সমীকরণের মূলদ্বয় 3α ও 4α।

তাহলে, $3\alpha + 4\alpha = -\frac{b}{a} \Rightarrow \alpha = -\frac{b}{7a}$ …(i)

এবং $3\alpha \times 4\alpha = \frac{c}{a} \Rightarrow 12\alpha^2 = \frac{c}{a}$

$\Rightarrow 12 \times (-\frac{b}{7a})^2 = \frac{c}{a}$. [(i) দ্বারা]

$\Rightarrow 12 \times \frac{b^2}{49a^2} = \frac{c}{a}$

$\therefore 12b^2 = 49ac$

10(a) $x^2 - (1+k^2)x + \frac{1}{2}(1+k^2+k^4) = 0$ সমীকরণের মূলদ্বয় α, β হলে দেখাও যে, $\alpha^2 + \beta^2 = k^2$;

প্রমাণঃ $x^2 - (1+k^2)x + \frac{1}{2}(1+k^2+k^4) = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং β বলে,

$\alpha + \beta = 1 + k^2$ ……(i) এবং

$\alpha\beta = \frac{1}{2}(1+k^2+k^4)$………(ii)

এখন, $\alpha^2 + \beta^2 = (\alpha+\beta)^2 - 2\alpha\beta$

$= (1+k^2)^2 - 2\frac{1}{2}(1+k^2+k^4)$

$= 1 + 2k^2 + k^4 - 1 - k^2 - k^4$

$\therefore \alpha^2 + \beta^2 = k^2$ (Showed)

10(b) $\frac{h^2}{a^2} + \frac{k^2}{b^2} = 1$ হলে দেখাও যে, $(h^2 - a^2)x^2 - 2hkx + k^2 - b^2$ রাশিটি পূর্ণ বর্গ হবে। [সি.'০৪ '১০]

প্রমাণঃ $(h^2 - a^2)x^2 - 2hkx + k^2 - b^2$ রাশিটি পূর্ণবর্গ হলে, $(h^2 - a^2)x^2 - 2hkx + k^2 - b^2 = 0$ …(i) সমীকরণটির মূলদ্বয় সমান হবে এবং ফলে (i) সমীকরণের নিশ্চায়ক শূন্য হবে।

$\therefore (-2hk)^2 - 4(k^2 - b^2)(h^2 - a^2) = 0$

$\Rightarrow 4h^2k^2 - 4(h^2k^2 - a^2k^2 - b^2h^2 + a^2b^2) = 0$

$\Rightarrow h^2k^2 - h^2k^2 + a^2k^2 + b^2h^2 - a^2b^2 = 0$

$\Rightarrow b^2h^2 + a^2k^2 = a^2b^2 \Rightarrow \frac{b^2h^2}{a^2b^2} + \frac{a^2k^2}{a^2b^2} = 1$

$\therefore \frac{h^2}{a^2} + \frac{k^2}{b^2} = 1$ (Showed)

10(c) $mx^2 + nx + l = 0$ সমীকরণের মূল দুইটির অনুপাত r হলে দেখাও যে, $\frac{(r+1)^2}{r} = \frac{n^2}{ml}$

[ব.'০১; কু.'০৮, বুয়েট'১০-১১]

প্রমাণঃ মনে করি, $mx^2 + nx + l = 0$ সমীকরণের মূলদ্বয় α এবং $r\alpha$.

$\therefore \alpha + \alpha r = -\frac{n}{m} \Rightarrow \alpha = -\frac{n}{m(1+r)}$ …(i),

$\alpha.\alpha r = \frac{l}{m} \Rightarrow \alpha^2 r = \frac{l}{m}$

$\Rightarrow r\left\{-\frac{n}{m(1+r)}\right\}^2 = \frac{l}{m} \Rightarrow r\frac{n^2}{m^2(1+r)^2} = \frac{l}{m}$

$\therefore \frac{(1+r)^2}{r} = \frac{n^2}{ml}$ (Showed)

11(a) $x^2 + kx - 6k = 0$ এবং $x^2 - 2x - k = 0$ সমীকরণদ্বয়ের একটি সাধারণ মূল থাকলে k এর মান নির্ণয় কর। [ঢা.'০০ ; চ.'০১;রা. '০১,'০৭; ব.'০৭]

সমাধানঃ মনে করি, প্রদত্ত সমীকরণদ্বয়ের সাধারণ মূলটি α । তাহলে,

$\alpha^2 + k\alpha - 6k = 0$ ……(1), এবং

$\alpha^2 - 2\alpha - k = 0$……(2)

বজ্রগুণন প্রণালীর সাহায্যে আমরা পাই,

$\frac{\alpha^2}{-k^2 - 12k} = \frac{\alpha}{-6k + k} = \frac{1}{-2-k}$

$\Rightarrow \frac{\alpha^2}{k^2 + 12k} = \frac{\alpha}{5k} = \frac{1}{k+2}$

$\therefore (5k)^2 = k(k+12)(k+2)$

$\Rightarrow k(k^2 + 14k + 24) - 25k^2 = 0$

$\Rightarrow k(k^2 + 14k + 24 - 25k) = 0$

$\Rightarrow k(k^2 - 11k + 24) = 0$

$\Rightarrow k(k-3)(k-8) = 0$

$\therefore k = 0, 3, 8$

11(b) $ax^2 + bx + c = 0$ ও $cx^2 + bx + a = 0$ সমীকরণদ্বয়ের একটি সাধারণ মূল থাকলে দেখাও যে, $c + a = \pm b$ [য.'০২; মা.বো.'০৯; ব., দি.'১৩]

প্রমাণঃ মনে করি, প্রদত্ত সমীকরণদ্বয়ের সাধারণ মূলটি α।
তাহলে, $a\alpha^2 + b\alpha + c = 0$ এবং

$$c\alpha^2 + b\alpha + a = 0$$

বজ্রগুণন প্রণালীর সাহায্যে আমরা পাই,

$$\frac{\alpha^2}{ab - bc} = \frac{\alpha}{c^2 - a^2} = \frac{1}{ab - bc}$$

$\therefore (c^2 - a^2)^2 = (ab - bc)(ab - bc)$

$\Rightarrow b(a - c)b(a - c) - (a - c)^2(a + c)^2 = 0$

$\Rightarrow (a - c)^2\{b^2 - (a + c)^2\} = 0$

এখানে, $a \neq c$. কারণ, $a = c$ হলে, প্রদত্ত সমীকরণদ্বয়ের উভয় মূলই সাধারণ হবে।

$\therefore b^2 - (a + c)^2 = 0 \Rightarrow (a + c)^2 = b^2$

$\therefore a + c = \pm b$ (Showed)

11(c) যে শর্তে $a_1x^2 + b_1x + c_1 = 0$ এবং $a_2x^2 + b_2x + c_2 = 0$ সমীকরণদ্বয়ের একটি মূল সাধারণ হতে পারে তা নির্ণয় কর। [সি.'০৩]

সমাধানঃ মনে করি, প্রদত্ত সমীকরণদ্বয়ের সাধারণ মূলটি α। তাহলে,

$$a_1\alpha^2 + b_1\alpha + c_1 = 0 \text{ এবং}$$

$$a_2\alpha^2 + b_2\alpha + c_2 = 0$$

বজ্রগুণন প্রণালীর সাহায্যে আমরা পাই,

$$\frac{\alpha^2}{b_1c_2 - b_2c_1} = \frac{\alpha}{c_1a_2 - c_2a_1} = \frac{1}{a_1b_2 - a_2b_1}$$

১ম এবং শেষ অনুপাত হতে আমরা পাই,

$$\alpha = \frac{c_1a_2 - c_2a_1}{a_1b_2 - a_2b_1}$$

আবার, ১ম ও ২য় অনুপাত হতে আমরা পাই,

$$\frac{\alpha^2}{b_1c_2 - b_2c_1} = \frac{\alpha}{c_1a_2 - c_2a_1}$$

$$\Rightarrow \frac{\alpha}{b_1c_2 - b_2c_1} = \frac{1}{c_1a_2 - c_2a_1} \quad [\because \text{এখানে } \alpha \neq 0]$$

$$\therefore \alpha = \frac{b_1c_2 - b_2c_1}{c_1a_2 - c_2a_1}$$

$$\therefore \frac{c_1a_2 - c_2a_1}{a_1b_2 - a_2b_1} = \frac{b_1c_2 - b_2c_1}{c_1a_2 - c_2a_1}$$

$\Rightarrow (c_1a_2 - c_2a_1)^2 = (b_1c_2 - b_2c_1)(a_1b_2 - a_2b_1)$
ইহাই নির্ণেয় শর্ত।

11(d) যদি $x^2 + bx + c = 0$ ও $x^2 + mx + n = 0$ সমীকরণ দুইটির একটি সাধারণ মূল থাকে, তাহলে দেখাও যে, ঐ মূলটি $(bn - cm)/(m - b)$ এর বর্গমূল হবে।

প্রমাণঃ ধরি, প্রদত্ত সমীকরণদ্বয়ের সাধারণ মূলটি α।
তাহলে, $\alpha^2 + b\alpha + c = 0$ ও $\alpha^2 + m\alpha + n = 0$
বজ্রগুণন প্রণালীর সাহায্যে আমরা পাই,

$$\frac{\alpha^2}{bn - cm} = \frac{\alpha}{c - n} = \frac{1}{m - b}$$

১ম এবং শেষ অনুপাত হতে আমরা পাই,

$$\frac{\alpha^2}{bn - cm} = \frac{1}{m - b} \Rightarrow \alpha^2 = \frac{bn - cm}{m - b}$$

$\therefore$ সাধারণ মূলটি $\dfrac{bn - cm}{m - b}$ এর বর্গমূল। (Showed)

12(a) $x^2 + px + q = 0$ এবং $x^2 + qx + p = 0$ সমীকরণ দুইটির একটি সাধারণ মূল থাকলে দেখাও যে, তাদের অপর মূল দুইটি $x^2 + x + pq = 0$ সমীকরণের মূল হবে।

